# সরকারের ‘বাংলাদেশ ফার্স্ট’ নীতিতে সমর্থন জানাল চীন



চীনা রাষ্ট্রদূত ইয়াও ইয়েন। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের ঘোষিত ‘বাংলাদেশ ফার্স্ট’ পররাষ্ট্রনীতিকে স্বাগত জানিয়েছে চীন। দেশটির পক্ষ থেকে বলা হয়েছে, বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌম স্বার্থ রক্ষায় বেইজিং আগের মতোই সহযোগিতা চালিয়ে যাবে।

রোববার (২২ ফেব্রুয়ারি) পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত ওই সৌজন্য সাক্ষাতে মন্ত্রী ও প্রতিমন্ত্রীর সঙ্গেও মতবিনিময় করেন তিনি। বৈঠকে তিস্তা প্রকল্পসহ দ্বিপক্ষীয় সহযোগিতার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয় বলে জানান রাষ্ট্রদূত।

তিস্তা প্রকল্প বাস্তবায়ন নিয়ে আশাবাদ ব্যক্ত করলেও বাংলাদেশের নতুন সরকারের অবস্থান নিয়ে তিনি সরাসরি মন্তব্য এড়িয়ে যান। একই সঙ্গে এ অঞ্চলে তৃতীয় কোনো দেশের প্রভাব বিস্তারের প্রচেষ্টার সমালোচনা করে বলেন, চীন দক্ষিণ এশিয়ার মানুষের কল্যাণে কাজ করতে চায়।

এ ছাড়া বাংলাদেশ-চীন সম্পর্কের ভবিষ্যৎ দিকনির্দেশনা এবং রোহিঙ্গা সংকট নিয়েও আলোচনা হয়েছে বলে জানা যায়। নতুন সরকারের সঙ্গে সমন্বয় রেখে স্থিতিশীল উন্নয়ন সহযোগিতা জোরদার করতে আগ্রহী চীন।

রাষ্ট্রদূত আরও জানান, প্রধানমন্ত্রী তারেক রহমানকে চীন সফরের আমন্ত্রণ জানানো হয়েছে এবং শিগগিরই এ সফর বাস্তবায়িত হবে বলে তারা